

বাংলাদেশ দৃতাবাস
আংকারা, তুরস্ক

তুরস্কে বাংলাদেশ সশন্ত্র বাহিনী দিবস উদ্যাপন

সংবাদ বিজ্ঞপ্তি-আংকারা, ২১ নভেম্বর ২০২০ : উৎসবমূখ্যর আবহে বাংলাদেশ দৃতাবাস, আংকারা, তুরস্কে ‘সশন্ত্র বাহিনী দিবস-২০২০’ উদযাপন করা হয়েছে। আজ ২১ নভেম্বর ২০২০ তারিখে বাংলাদেশ দৃতাবাস, আংকারার ‘বিজয় ৭১ মিলনায়ত’ -এ বাংলাদেশ সশন্ত্র বাহিনী দিবস উপলক্ষে দৃতাবাসের সদস্যদের নিয়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়। বর্তমান বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর কারনে অনুষ্ঠানটি সীমিত পরিসরে পালন করা হয়।

দিবসের কর্মসূচীর শুরুতে প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশেদ ইকবাল, এনডিসি, পিএসসি, জি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মুক্তিযুদ্ধে শহীদ ও যুদ্ধাত্ত মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করতঃ স্বাগত বক্তব্য প্রদান করেন। এরপর সশন্ত্র বাহিনী দিবস-২০২০ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করা হয়। অনুষ্ঠানে সশন্ত্র বাহিনীর উপর নির্মিত একটি প্রামাণ্য চিত্রও দেখানো হয়।

অনুষ্ঠানে তুরস্কে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মসজুদ মান্নান, এনডিসি তার বক্তব্যে স্বাধীনতা যুদ্ধে আত্মত্যাগকারী সশন্ত্র বাহিনীর সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বাংলাদেশের গৌরবজ্ঞল স্বাধীনতা যুদ্ধ এবং স্বাধীন দেশের অভ্যন্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অতুলনীয় অবদান বিষয়ে আলোকপাত করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত ‘ফোর্সেস গোল-২০৩০’ বাস্তবায়িত হলে বাংলাদেশ সশন্ত্র বাহিনী আরও আধুনিক ও যুগপোয়োগী হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার মহান দায়িত্ব পালনের পাশাপাশি যে কোন প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলায়, বেসামরিক প্রশাসনকে সহযোগিতাসহ জাতিগঠনমূলক কর্মকাণ্ডে সশন্ত্র বাহিনী প্রশংসনীয় ভূমিকা পালন করে যাচ্ছে। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে সশন্ত্র বাহিনীর সদস্যরা আন্তর্জাতিক পরিমন্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করছেন। তিনি ভ্রাতৃপ্রতিম বাংলাদেশ-তুরস্ক সম্পর্ক উন্নয়নের বৃদ্ধি পাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

সবশেষে দেশের সার্বিক কল্যাণ ও সমৃদ্ধি এবং সশন্ত্র বাহিনীর উন্নয়নের অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।